দৈনিক সংবাদ

তারিখ 20 MAR 1989
পৃষ্ঠা 4 কলাম 3

ডকুমেন্টেশন কেন্দ্র

54

অবিলম্বে অনার্সের ফল প্রকাশ করুন

আমরা ঢাকা বিশ্ববিদ্যালয়ের অন্তর্ভুক্ত বিভিন্ন কলেজ থেকে ১৯৮৬ সনের (সনাতন) অনার্স পরীক্ষা দেই। আমাদের পরীক্ষা আরম্ভ হয় ১০ই জুলাই, ১৯৮৮ সালে। কিন্তু পরীক্ষা শেষ না হতেই প্রলয়ংকরী বন্যার কারণে এক মাস বন্ধ থাকে। বন্ধের পর আবার বিভিন্ন তারিখে পরীক্ষা নেয়া হয়। পরীক্ষা শেষ হয় অক্টোবর মাসের মধ্যে। এখন প্রশ্ন জাগে, জুলাই থেকে প্রায় আর এক জুলাই আসতে লাগল অথচ আমরা এখনও রেজাল্ট পেলাম না। প্রায় ২ মাস আগেই বিভিন্ন মাধ্যমে জেনেছি যে, আমাদের খাতা দেখা শেষ হয়েছে। কিন্তু কেন যে বিশ্ববিদ্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ ফল প্রকাশ করতে বিলম্ব করছেন তা ভাবতে পারছিনা। প্রশাসনিক ভবনে খোঁজ নিলে তারা বলেন, বিভাগের কথা। আবার বিভাগীয় অফিস অনেক সময় প্রশাসনিক অফিসের ওপর নানা দোষ চাপান। এতদিন বসে থেকে আমাদের জীবনের যে মূল্যবান সময় নষ্ট হচ্ছে তা কি কর্তৃপক্ষ একবারও ভাবেন? কর্তৃপক্ষকে আমাদের ১৯৮৬ সালের (সনাতন) অনার্স পরীক্ষার ফল অবিলম্বে প্রকাশের অনুরোধ জানাচ্ছি।

পরীক্ষার্থীদের পক্ষে—
অনুপ (পদার্থ বিদ্যা), ঢাকা কলেজ
ঢাকা এবং অন্য ৭ জন।

"নি এ্যান পলিটেকনিকে" ছাত্রভর্তি

বর্তমানে সিঙ্গাপুরের "নি এ্যান পলিটেকনিকের" নিম্নলিখিত বিভাগগুলোতে 'তিন বছরের ডিপ্লোমা কোর্সগুলোতে" জাতি, ধর্ম, বর্ণ গোত্র, নাগরিকত্ব নারী-পুরুষ, বয়স নির্বিশেষে ছাত্রছাত্রী ভর্তি করা হচ্ছে: (১) বিল্ডিং ম্যানেজমেন্ট, (২) বিল্ডিং সার্ভিসেস ইঞ্জিনিয়ারিং, (৩) ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং, (৪) ইলেকট্রনিক ইঞ্জিনিয়ারিং (৫) মেকানিক্যাল ইঞ্জিনিয়ারিং, (৬) পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং, (৭) শীপ-বিল্ডিং ও অফশোর ইঞ্জিনিয়ারিং, (৮) বিজিনেস ষ্টাডিজ, (৯) এ কাউন্টেনসি, (১০) বায়ো টেকনোলজি।

এই ইনষ্টিটিউট থেকে পাস করতে পারলে 'বর্তমানে' সিঙ্গাপুরে চাকরি সুনিশ্চিত। মাসিক খরচ, টিউশন ফি, বৃত্তি, ষ্টাডি লোন, হোষ্টেলের সুবিধা ইত্যাদি কোন কিছু জানতে হলে সরাসরি এ্যাডমিশন অফিসারকে চিঠি দিতে হবে। আগাম ভর্তি না হয়ে কারো উপদেশেই, কোনক্রমেই ঐদেশে যাওয়া উচিৎ নয়। কারণ গেলেই ও দরখাস্ত করলেই ভর্তি হওয়া যাবে, এ গ্যারান্টি কেউই দিতে পারে না।

আগ্রহী প্রার্থিগণ আবেদন-পত্র ও অন্যান্য খবরাদির জন্য (এখন সার্টিফিকেটসমূহের কোন ফটো কপি পাঠাতে হবে না অথবা পূর্ণাঙ্গ জীবনী লিখতে হবে না। তবে, অবশ্যই ইংরেজীতে তরজমাকৃত মার্কশীটসমূহের ফটো-কপিগুলো পাঠাতে হবে) নীচের ঠিকানায় সরাসরি সম্পূর্ণ ইংরাজিতে চিঠি দিতে পারেন। (এই চিঠি সিঙ্গাপুর থেকে প্রকাশিত ইংরেজি দৈনিক 'দি ষ্ট্রেটস টাইমস' পত্রিকা বা বিজ্ঞাপনানুযায়ী লিখছেন, এ কথা অবশ্যই উল্লেখ করতে হবে) (ক) এ্যাডমিশন অফিসার নি এ্যান পলিটেকনিক। (NGEE ANN POLYTECHNIC), সিঙ্গাপুর-২১৫৯।

পুনশ্চ: (১) দৈনিক সংবাদ-এর এই সংখ্যাটি কেউ আমাকে পাঠালে বাধিত হব।

ডাঃ আবুল হাসান (বুলু), এম, বি, বিএস, কেয়ার অব পোষ্ট মাষ্টার, সিঙ্গাপুর-০১০৪, এশিয়া।